গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

বিষয়: পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণ।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৪ সেপ্টেম্বর ২০২০ খ্রি.
সভার সময়	বেলা ১১.০০ টায়
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২। সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্র. ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
০১.	গত সমন্বয় সভার কার্যবিবরণ দৃঢ়ীকরণ।	গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত বিবরণীতে শাখা, অধিশাখা কিংবা সংস্থাসমূহের কোন সংশোধনী বা দ্বিমত আছে কি না তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণ দৃঢ়ীকরণ করা হয়।	গত সভার কার্যবিবরণ দৃঢ়ীকরণ করা হ'ল।	প্রশাসন-০২ শাখা, পাসম।
০২.	Time bound প্রতিবেদন প্রেরণ।	মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও প্রধানমন্ত্রীর দপ্তরসহ অন্যান্য মাসিক, ত্রৈমাসিক ও Time bound বিভিন্ন প্রতিবেদন ও তথ্য মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি মহোদয় যথাসময়ে সকল প্রতিবেদন প্রেরণের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।	Time bound অনুযায়ী বিভিন্ন প্রতিবেদন ও তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রশাসন-০২ শাখা, পাসম।

০৩.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা।	এ বিষয়ে আলোচনায় উল্লেখ করা হয় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি প্রকল্পের সংখ্যা মোট ৫১টি। এর মধ্যে সমাপ্ত প্রকল্পের সংখ্যা ৩০টি, চলমান প্রকল্পের সংখ্যা ১৩টি এবং ৫টি প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ সভা আহ্বান করা হয়েছে। সভাপতি প্রণয়নাধীন ৩টি প্রকল্পের বিষয়ে জানতে চাইলে, উপসচিব (উন্নয়ন ২) সভাকে বিস্তারিত অবহিত করেন। পরবর্তীতে সভাপতি মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত প্রকল্পের বিষয়ে সত্বর একটি সভা আহ্বানের জন্য নির্দেশনা প্রদান করেন।	(ক) প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নে বাপাউবো এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। (খ) প্রক্রিয়াধীন ৫টি খসড়া ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে পেশ করতে হবে। (গ) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের বিষয়ে সত্বর একটি সভা আহ্বান করতে হবে।	উন্নয়ন-০২ শাখা, পরিকল্পনা উইং, পাসম ও বাপাউবো।
০৪.	বার্ষিক কার্য সম্পাদন চুক্তি।	এ প্রসঙ্গে শুরুতেই, ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদনে পানি সম্পদ মন্ত্রণালয় ৪র্থ স্থান অর্জন করায় সিনিয়র সচিব মহোদয় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এছাড়া তিনি বিগত কয়েক বছরের তুলনামূলক অর্জন সভাকে অবহিত করেন। এ বিষয়ে মন্ত্রণালয়ের প্রোগ্রামার ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের সাথে ইতোমধ্যে স্বাক্ষরিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া, ২০১৯-২০২০ অর্থ বছরে মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের অর্জন সম্পর্কে সভাকে অবহিত করে তিনি জানান, নদী গবেষণা ইনস্টিটিউট- প্রকল্পের ফিজিক্যাল মডেলিং সম্পাদন না করার কারণে সংশ্লিষ্ট নম্বর কম পেয়েছে। সভাপতি এখন থেকে সকল প্রকল্পে ফিজিক্যাল মডেলিং করার নির্দেশনা প্রদান করেন।	(ক) ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্য সম্পাদন করতে হবে। (খ) এখন থেকে সকল প্রকল্পে ফিজিক্যাল মডেলিং সম্পাদন করতে হবে।	প্রোগ্রামার, পাসম ও সকল সংস্থা।

০৫.	মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ই-ফাইলিং চালুকরণ, ভিডিও কনফারেন্সের ব্যবস্থা গ্রহণ।	সভায় মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ, ই-নথি ব্যবহারের বিষয়ে মন্ত্রণালয়ের সকল শাখায় এবং আওতাধীন সংস্থাসমূহের অবস্থান উপস্থাপন করা হয়। তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে জনাব তানিয়া ফেরদৌস, সিনিয়র সহকারী সচিব কাজটি চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন- জাতীয় শুদ্ধাচার কৌশলের মন্ত্রিপরিষদ বিভাগের ছক অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড থেকে তথ্য পাওয়া যায় না। এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয় কি কারণে তথ্য প্রেরণ করা হয় না তা খতিয়ে দেখার নির্দেশনা প্রদান করেন।	(ক) সকল শাখা, অধিশাখা এবং সংস্থাসমূহের নথিসমূহের কার্যক্রম ই-নথিতে সম্পাদন করতে হবে। ই-নথির পাশাপাশি গুরুত্বপূর্ণ নথিসমূহ হার্ড নথিতেও সম্পাদন করতে হবে। (খ) জনাব তানিয়া ফেরদৌস, সিনিয়র সহকারী সচিব National Web Portal হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। (গ) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছক অনুযায়ী তথ্য প্রেরণে কোথায় সমস্যা আছে তা চিহ্নিত করতে হবে।	সকল সংস্থা/ সকল অধিশাখা/শাখা এবং আইসিটি শাখা, জনাব তানিয়া ফেরদৌস, সিনিয়র সহকারী সচিব পাসম।
০৬.	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি পর্যালোচনা।	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয় আগামি ৭ কর্মদিবসের মধ্যে অনিষ্পন্ন কার্যাবলির তালিকা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।	আগামি ৭ কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ের সকল শাখা, অধিশাখা ও সংস্থাসমূহের অনিষ্পন্ন কার্যাবলীর তালিকা প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে।	সকল অধিশাখা/ শাখা পাসম ও সকল সংস্থা।
০৭.	উন্নয়ন প্রকল্প পরিদর্শন।	উন্নয়ন প্রকল্প পরিদর্শন বিষয়ে উপসচিব, পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা সভাকে অবহিত করেন- জেলাভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ থেকে ৩৭টি জেলার প্রতিবেদন পাওয়া গেছে। অবশিষ্ট জেলাগুলোর প্রতিবেদন না পাওয়ায় সিনিয়র সচিব মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। অবশিষ্ট জেলাসমূহের প্রতিবেদন অক্টোবর' ২০২০ মাসের ১ম সপ্তাহের মধ্যে পেশ করার জন্য নির্দেশনা প্রদান করেন।	যে সকল কর্মকর্তাগণ পরিদর্শন প্রতিবেদন দাখিল করেননি তাঁরা অক্টোবর' ২০২০ মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।	সংশ্লিষ্ট কর্মকর্তা, পাসম।

০৮.	পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাপাউবো'র অব্যবহৃত জমিতে কর্মকর্তা ও কর্মচারিদের আবাসিক ভবন নির্মাণ।	এ বিষয়ে আলোচনার শুরুতে যুগ্মসচিব (উন্নয়ন-২) সভাকে অবহিত করেন যে, ২০১৮ সালে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড থেকে বাপাউবো'র কর্মকর্তা/কর্মচারিদের আবাসিক ভবন নির্মাণের জন্য ১টি ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরিকল্পনা কমিশন হতে কতিপয় সংশোধনপূর্বক পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি উক্ত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়নি। সুতরাং ইতোপূর্বে প্রণীত ডিপিপি'র মধ্যে মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারিদের জন্য আলাদা একটি ভবন নির্মাণের সংস্থান রেখে ডিপিপি সংশোধন করা যায়। তিনি আরও জানান পানি সম্পদ মন্ত্রণলয়ের কর্মকর্তা ও কর্মচারিদের জন্য যাত্রাবাড়ীতে পৃথক ১টি আবাসিক ভবনে ৫৬টি ফ্ল্যাট নির্মাণের সংস্থান রেখে ডিপিপি সংশোধন করতে হবে। ডিপিপি আগামি ১ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে সভাপতি মহোদয় একমত পোষণ করেন।	(ক) পানি সম্পদ মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারিদের জন্য যাত্রাবাড়ীতে পৃথক ১টি আবাসিক ভবনে ৫৬টি ফ্ল্যাট নির্মাণের সংস্থান রেখে ইতোপূর্বে প্রস্তুতকৃত ডিপিপি সংশোধন করতে হবে। (খ) আগামি ১ মাসের মধ্যে সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিৎ করতে হবে।	বাপাউবো এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং, পাসম। যুগ্মসচিব (উন্নয়ন-২), পাসম।
০৯.	বাপাউবো'র জনবল কাঠামো ও বাপাউবো'কে অধিদপ্তরে রূপান্তর।	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে অধিদপ্তরে রূপান্তরের বিষয়ে গত ১৬ সেপ্টেম্বর ২০২০ তারিখ পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম সম্পাদন করতে হবে।	সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।	প্রশাসন-১ শাখা, পাসম ও বাপাউবো

১০.	সংস্থাসমূহের মামলা সংক্রান্ত।	সভায় মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনার এ পর্যায়ে বাপাউবো'র প্রতিনিধি উপপরিচালক (আইন) জানান, সারাদেশে বাপাউবো'র অধিগ্রহণকৃত জমি যে সকল দখলদার দখল করে আছে তাদের উচ্ছেদের জন্য মামলা দায়েরের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তিনি আরও জানান, পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলায় ৬৪টি স্থাপনা এবং কলাপাড়া উপজেলায় ২টি স্থাপনা উচ্ছেদের জন্য তালিকা করা হয়েছে। তালিকা অনুযায়ী অক্টোবর' ২০২০ মাসে উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া, কক্সবাজার জেলার কুতুবদিয়ায় ৫টি স্থাপনা উচ্ছেদের বিষয়ে জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি উচ্ছেদের কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। আলোচনার এ পর্যায়ে যুগ্মসচিব (প্রশাসন) অংশ নিয়ে বলেন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মামলাসমূহ সুষ্ঠু ও দ্রুততার সঙ্গে পরিচালনার জন্য একটি ডেটাবেজ তৈরি আবশ্যক। এ ধরনের ডেটাবেজ প্রস্তুত হলে মামলাসমূহের সর্বশেষ অবস্থা সম্পর্কে তাৎক্ষণিক ধারনা পাওয়া যায় এবং সে অনুসারে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা সহজতর হবে।	ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং যে সকল ব্যক্তি বাপাউবো'র জায়গা দখল করে আছে তাঁদের উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) মামলাসমূহের পূর্ণাঙ্গ প্রতিবেদন (Break up) প্রদান করতে হবে। (গ) নগই ও হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মামলাসমূহের হালনাগাদ ডেটাবেজ প্রস্তুত করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো, নগই, বাহাজউঅ ও আইন শাখা, পাসম।
১১.	অধিদপ্তর ও সংস্থাসমূহের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।	এ প্রসঙ্গে আলোচনায় সভাপতি মহোদয় মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর এবং সংস্থাসমূহের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিষ্পত্তিকরণ কার্যক্রম বেগবান করার পরামর্শ প্রদান করেন। তিনি অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের একটি ডেটাবেজ প্রস্তুতেরও নির্দেশনা প্রদান করেন।	(ক) অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম বেগবান করতে হবে। (খ) অনিষ্পন্ন অডিট আপত্তির একটি ডেটাবেজ প্রস্তুত করতে হবে।	সকল সংস্থা ও অডিট শাখা, পাসম।

১২.	সংস্থাসমূহের বকেয়া ভূমিকর, পৌরকর, বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ সংক্রান্ত।	মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থার বকেয়া বিলসমূহ দ্রুত পরিশোধের বিষয়ে আলোচনা হয়।	সকল বকেয়া বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল সংস্থা ও বাজেট শাখা, পাসম
১৩.	মন্ত্রণালয়ের জনবল বৃদ্ধির জন্য পদ সৃষ্টি।	এ বিষয়ে উপসচিব (প্রশাসন-২) সভাকে অবহিত করেন যে, ১২টি নতুন পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের শর্ত অনুসারে ৯টি অস্থায়ী পদ সৃজনে সম্মতি প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়ে ১০/০৮/২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে এবং ১ম শ্রেণির ৩টি ক্যাডার পদ সৃজনে সম্মতি প্রদানের বিষয়ে অর্থ বিভাগে পত্র প্রেরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করে পত্র প্রেরণ করা হয়েছে। এ সময়ে সিনিয়র সচিব মহোদয় মন্ত্রণালয়ের জন্য আরও নতুন পদ সৃজনের উপর গুরুত্ব আরোপ করেন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে পুনরায় পদ সৃজনের জন্য পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	(ক) ১২টি পদ সৃজনে সম্মতি প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (খ) নতুন পদ সৃজনের জন্য পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।	প্রশাসন-০২ শাখা, পাসম
১৪.	বিবিধ বিষয়: (ক) করোনা ভাইরাস।	পানি সম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল সংস্থায় কর্মরতগণ করোনাকালিন সময়ে ‘প্রত্যক্ষভাবে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত’ এ মর্মে যুক্তিসহ পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের স্বাক্ষরে একটি আধা সরকারি পত্র গত ১৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।	সকল কর্মকর্তা ও কর্মচারী করোনাকালিন সময়ে সতর্কতার সাথে সরকারি কার্যক্রম সম্পাদন করবেন।	প্রশাসন-০২ শাখা, পাসম।
	(খ) বাপাউবোর বিভাগীয় কার্যালয়সমূহে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার জন্য অস্থায়ী কক্ষ বরাদ্দ।	এ বিষয়ে মহাপরিচালক, ওয়ারপো সভায় অবহিত করেন, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগে বাপাউবো’র হতে অস্থায়ীভাবে অফিস কক্ষ পাওয়া যায়নি। সভাপতি মহোদয় বলেন, বাপাউবো’র সাথে আলোচনা সাপেক্ষে উল্লিখিত ২টি বিভাগে অস্থায়ীভাবে ২/৩ কক্ষ বিশিষ্ট টিনসেড সেমিপাকা ঘর নির্মাণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা রাজশাহী ও ময়মনসিংহে বাপাউবোর বিভাগীয় কার্যালয়ে আলোচনা সাপেক্ষে অস্থায়ীভাবে ২/৩ কক্ষ বিশিষ্ট টিনসেড সেমিপাকা ঘর নির্মাণ করতে হবে।	বাপাউবো ও ওয়ারপো।

	(গ) বৃক্ষরোপণ কার্যক্রম বাস্তবায়ন।	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী উদযাপন এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন প্রতিপালনের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় যে ১০ লক্ষ বৃক্ষরোপণের কার্যক্রম হাতে নিয়েছে তা সুষ্ঠু ও সফলভাবে সমাপ্তির জন্য সিনিয়র সচিব মহোদয় সকলকে নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে তিনি বলেন-এটিকে একটি আন্দোলনে রূপ দিতে হবে। চলতি অক্টোবর মাসের ২৪ তারিখের মধ্যে বৃক্ষরোপণ সংক্রান্ত সকল কার্যক্রম সমাপ্ত করতে হবে। এ প্রসঙ্গে আলোচনায় উপসচিব, পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা সভাকে অবহিত করেন, সারাদেশে সেপ্টেম্বর' ২০২০ মাস পর্যন্ত ৪,৪২,৯০০টি বৃক্ষ রোপন করা হয়েছে।	(ক) আগামী ২৪ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে সারাদেশে বৃক্ষরোপণ কার্যক্রম বাস্তবায়ন শেষ করতে হবে। (খ) জেলার দায়িত্ব প্রাপ্ত বৃক্ষরোপণ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ বৃক্ষরোপণ বিষয়ে সার্বিক প্রতিবেদন পেশ করবেন।	সংশ্লিষ্ট কর্মকর্তা, পাসম ও বাপাউবো
	(ঘ) প্রকল্পের স্টিয়ারিং কমিটিতে সদস্য অন্তর্ভুক্তিকরণ।	মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের প্রকল্প বাস্তবায়নে বিদ্যমান স্টিয়ারিং কমিটিতে প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট অপরাপর কর্মকর্তা অন্তর্ভুক্তির বিষয়ে সবিস্তারে আলোচনা হয়। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, এ বিষয়টি পরিকল্পনা মন্ত্রণালয়ের এখতিয়ারাধীন বিধায় প্রকল্প স্টিয়ারিং কমিটি পুনর্গঠনের একটি নতুন প্রস্তাবনা সুপারিশ আকারে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা যেতে পারে এবং এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।	সকল প্রকল্পের স্টিয়ারিং কমিটি পুনর্গঠনে এ মন্ত্রণালয়ের একটি প্রস্তাবনা সিনিয়র সচিব মহোদয়ের স্বাক্ষরে পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রশাসন ২ শাখা

৩। সমন্বয় সভার এ পর্যায়ে সভাপতি করোনাকালিন সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.৩১৬

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭
০৫ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১২ অক্টোবর ২০২০

তারিখের মধ্যে দাখিলের অনুরোধসহ

১) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

২) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট

৫) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৬) সদস্য, সদস্য এর দপ্তর, যৌথ নদী কমিশন, বাংলাদেশ

৭) ..... (সকল অধিশাখা/শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮) চীফ মনিটরিং, চীফ মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৯) নির্বাহী প্রকৌশলী, চীফ মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

মো. আব্দুস সামাদ
উপসচিব